

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রেলপথ মন্ত্রণালয়

আইসিটি সেল

www.mor.gov.bd

বিষয়ঃ রেলপথ মন্ত্রণালয়ের ২০২২-২৩ অর্থবছরের ইনোভেশন টিমের ৪র্থ সভার কার্যবিবরণী

সভাপতি : ড. মোঃ হুমায়ুন কবীর
সচিব, রেলপথ মন্ত্রণালয়
তারিখ : ০৭ ডিসেম্বর ২০২২
সময় : বেলা ০২:০০ টা
স্থান : রেলভবনস্থ ২য় তলার সভাকক্ষ (কক্ষ নং-২১১)
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব(অডিট ও আইসিটি) ও চিফ ইনোভেশন অফিসার জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা এবং রেলপথ মন্ত্রণালয়ের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনার (২০২২-২০২৩) ক্রমিক নং-১.১ অনুসারে সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম ০১ (এক) টি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করতে হবে। এর প্রেক্ষিতে রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের কর্মকর্তা-কর্মচারীর নিকট হতে প্রাপ্ত উদ্ভাবনী ধারণা বাছাইকরণের নিমিত্ত গত ১০ নভেম্বর ২০২২ তারিখে ইনোভেশন টিমের ৩য় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী ০৪ (চার) টি ধারণা প্রাথমিকভাবে বাছাই করা হয় এবং চূড়ান্তভাবে এক বা একাধিক ধারণা বাছাইকরণ ও বাস্তবায়নের নিমিত্ত এ সভার আয়োজন করা হয়েছে।

০২। সভাপতি বাছাইকৃত ০৪(চার)টি উদ্ভাবনী ধারণা উপস্থাপনের জন্য উদ্ভাবকগণকে অনুরোধ করেন। অতঃপর উদ্ভাবকগণ তাদের উদ্ভাবন সভায় উপস্থাপন করেন এবং উদ্ভাবনী ধারণাটি বাস্তবায়নে সম্ভাব্য বাজেট সম্পর্কে ধারণা প্রদান করেন।

০৩। সভাপতি জানান যে, রেলপথ মন্ত্রণালয়/বাংলাদেশ রেলওয়ের ইনোভেশন খাতে বরাদ্দকৃত বাজেট হতে বাছাইকৃত উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের ব্যয় নির্বাহ করা হবে। তিনি বাছাইকৃত উদ্ভাবনী ধারণাসমূহ দ্রুত বাস্তবায়নে গুরুত্বারোপ করেন।

০৪। অতঃপর সভায় উদ্ভাবনী ধারণাসমূহ পর্যালোচনাপূর্বক নিম্নবর্ণিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

সিদ্ধান্ত:

(ক) সভায় উপস্থাপিত নিম্নবর্ণিত দুটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়;


ক্র. নং	উদ্ভাবনের নাম	উদ্ভাবকের নাম	মন্তব্য
১.	Wireless communication & switching device for warning bell & flasher at manned/unmanned gate	জনাব অসীম কুমার তালুকদার মহাব্যবস্থাপক (পশ্চিম) বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী	একটি ব্যস্ত Level Crossing Gate -এ ধারণাটি বাস্তবায়ন করতে হবে।

২.	স্টেশনের ট্রেন ইনফরমেশন ডিসপ্লে সিস্টেম এবং অটোমেটিক কন্ট্রোল চার্ট প্লটিং বা ড্রয়িং প্রবর্তন	জনাব আহমেদ ইশতিয়াক জহর ডিএসই (সদর) বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী	প্রাথমিকভাবে ঢাকা বিমানবন্দর রেল স্টেশনে ধারণাটি বাস্তবায়ন করতে হবে।
----	--	---	---

(খ) বাছাইকৃত উদ্ভাবনী ধারণাসমূহ আগামী ফেব্রুয়ারী/২০২৩ এর মধ্যে উদ্ভাবকগণ বাস্তবায়ন করবেন;

(গ) উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন সংক্রান্ত ব্যয় রেলপথ মন্ত্রণালয়/বাংলাদেশ রেলওয়ের উদ্ভাবন খাতে বরাদ্দকৃত বাজেট হতে নির্বাহ করতে হবে।

০৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ড. মোঃ হাম্ময়ুন কবীর)
সচিব
রেলপথ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫৪.০০.০০০০.০১৫.০৬.০০১.২২.১১১/১(৩)


তারিখ : ২৭ অগ্রহায়ণ ১৪২৯
১১ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা), রেলপথ মন্ত্রণালয়
- ২) অতিরিক্ত সচিব (অডিট ও আইসিটি), রেলপথ মন্ত্রণালয়
- ৩) যুগ্মসচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়
- ৪) যুগ্মসচিব (অডিট ও আইসিটি), রেলপথ মন্ত্রণালয়
- ৫) মহাব্যবস্থাপক (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে
- ৬) মহাব্যবস্থাপক (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে
- ৭) সিএসটিই (টেলিকম), বাংলাদেশ রেলওয়ে
- ৮) উপসচিব (প্রশাসন-২), রেলপথ মন্ত্রণালয়
- ৯) প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে
- ১০) সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়
- ১১) প্রোগ্রামার, রেলপথ মন্ত্রণালয়
- ১২) ডিএসই (সদর), বাংলাদেশ রেলওয়ে

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়
- ২) সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়
- ৩) মহাপরিচালকের একান্ত সচিব, বাংলাদেশ রেলওয়ে


(হাসান মাহমুদ)
যুগ্মসচিব